**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 16/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট জুড়ে প্রাক-কিন্ডারগার্টেন এর জন্য প্রায় 12 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করার ঘোষণা করেছেন

***প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে 11.7 মিলিয়ন মার্কিন ডলার***

***2023 অর্থবছরের বাজেট পূর্ণদিবস প্রাক-কিন্ডারগার্টেনে প্রবেশাধিকার সম্প্রসারিত করতে 125 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করেছে***

নিউ ইয়র্ক স্টেট জুড়ে চার-বছর-বয়সী শিশুদের প্রাক-কিন্ডারগার্টেন প্রবেশাধিকার সম্প্রসারিত করতে গভর্নর হোকল 11.7 মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার কথা ঘোষণা করেছেন। 2023 অর্থবছরের কার্যকর করা বাজেট পূর্ণদিবস প্রাক-কিন্ডারগার্টেনে প্রবেশাধিকার সম্প্রসারিত করতে 125 মিলিয়ন মার্কিন ডলার তহবিলকে অন্তর্ভুক্ত করে যা স্টেট ব্যাপী অতিরিক্ত 17,500 অতিরিক্ত প্রাক-কিন্ডারগার্টেন আসন তৈরি করবে। এই 125 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে, 11.7 মিলিয়ন মার্কিন ডলার স্টেটের শিক্ষা দপ্তর (State Education Department) পরিচালিত একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে পুরস্কৃত করা হবে।

"উন্নত মানের প্রাক-কিন্ডারগার্টেন শিক্ষার জন্য সুযোগগুলি প্রদান করা, শিশু, অভিভাবক এবং তত্ত্বাবধায়কদের সাফল্যের জন্য প্রস্তুত করে এবং স্টেট জুড়ে পরিবারবর্গের জন্য এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ সরবরাহ করতে পেরে আমি গর্বিত," **বলেছেন গভর্নর হোকল।** "এই অর্থায়ন শিশুদের বিকাশ এবং উন্নয়নের সবথেকে গুরুত্বপূর্ণ পর্যায়গুলিতে তাদের সহায়তা করবে। একজন মা হিসেবে, এই সংস্থানসমূহ কতটা অপরিহার্য তা আমি দেখেছি এবং প্রতিটি শিশু যাতে নিউ ইয়র্কে সফল হতে পারে তা নিশ্চিত করার জন্য আমার প্রশাসন অঙ্গীকারবদ্ধ।"

2023 অর্থবছরের কার্যকর করা বাজেটটি 2023 স্কুল বর্ষের জন্য মোট স্কুল সহায়তায় মোট 31.5 বিলিয়ন মার্কিন ডলারের একটি রেকর্ড তহবিল প্রদান করে এবং চার বছর ধরে 7 বিলিয়ন মার্কিন ডলার তহবিলের মাধ্যমে শিশু পরিচর্যার স্টেটের বিনিয়োগকে দ্বিগুণেরও বেশি করে। এই অঙ্গীকারবদ্ধতা স্কুলে অর্থায়ন এবং শিশু পরিচর্যার ক্ষেত্রে একটি ঐতিহাসিক বিনিয়োগকে চিহ্নিত করে।

যে সমস্ত স্কুল ডিস্ট্রিক্টগুলিকে তহবিল প্রদান করা হয়েছে সেগুলি হল:

- বাফেলো সিটি স্কুল ডিস্ট্রিক্ট - 2,500,000 মার্কিন ডলার
- লং বিচ সিটি স্কুল ডিস্ট্রিক্ট - 1,495,000 মার্কিন ডলার
- ওয়াপিংগার সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট - 1,495,000 মার্কিন ডলার
- পিকস্কিল সিটি স্কুল ডিস্ট্রিক্ট - 1,059,101 মার্কিন ডলার
- ওসিনিং ইউনিয়ন ফ্রি স্কুল ডিস্ট্রিক্ট, 720,000 মার্কিন ডলার
- নিউফেন সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 470,983 মার্কিন ডলার
- হাভেরস্ট্র-স্টোনি পয়েন্ট সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 440,528 মার্কিন ডলার
- বেলমোর ইউনিয়ন ফ্রি স্কুল ডিস্ট্রিক্ট, 350,000 মার্কিন ডলার
- পেমব্রোক সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 307,615 মার্কিন ডলার
- উইলিয়ামসন সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 303,619 মার্কিন ডলার
- ইডেন সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 257,328 মার্কিন ডলার
- হ্যানিবল সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 245,000 মার্কিন ডলার
- ওয়াটারভ্লিয়েট সিটি স্কুল ডিস্ট্রিক্ট, 233,806 মার্কিন ডলার
- উইডস্পোর্ট সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 219,898 মার্কিন ডলার
- ক্যাসাড্যাগা ভ্যালি সেন্ট্রাল স্কুল, $203,283
- বাটাভিয়া সিটি স্কুল ডিস্ট্রিক্ট, 200,000 মার্কিন ডলার
- অ্যাভন সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 200,000 মার্কিন ডলার
- কোহোস সিটি স্কুল ডিস্ট্রিক্ট, 180,000 মার্কিন ডলার
- ডুয়ানেসবার্গ সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 180,000 মার্কিন ডলার
- নর্থভিলি সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 150,000 মার্কিন ডলার
- ওয়াইমিং সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 140,000 মার্কিন ডলার
- জেনেসি ভ্যালি সেন্ট্রাল স্কুল ডিস্টিক্ট, 140,000 মার্কিন ডলার
- এলবা সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 117,760 মার্কিন ডলার
- কানাজোহারী সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট, 83,967 মার্কিন ডলার

**নিউ ইয়র্ক স্টেট শিক্ষা কমিশনার বেট্টি এ. রোজা বলেন,** "যখন আমরা সমর্থনকে শক্তিশালী করে তুলি এবং শিশুদের তাদের প্রারম্ভিক বছরগুলিতে ন্যায্য সুযোগ প্রদান করি তখন আমরা তাদের স্কুলের বছরগুলিতে এবং তার পরেও উপকারিতাগুলি দেখতে পাই। শিক্ষা দপ্তর পূর্ণ-দিবস প্রাক-কিন্ডারগার্টে্ন কর্মসূচিগুলি সম্প্রসারণ করার জন্য অঙ্গীকারবদ্ধ যা আমাদের শিশুদের জন্য একটি শক্তিশালী শিক্ষামূলক ভিত প্রদান করবে, যার ফলে আমরা পাবো ইতিবাচক দীর্ঘমেয়াদী ফলাফল।"

**বোর্ড অব রিজেন্টস চ্যান্সেলর লেস্টার ডব্লিউ. ইয়াং, জুনিয়র বলেন,** "আমাদের সবথেকে ছোটো শিক্ষার্থীদের উচ্চ-মানের শিক্ষামূলক সুযোগ প্রদান তাদের ভবিষ্যৎ সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। প্রাক-কিন্ডারগার্টেন কর্মসূচিগুলির তৈরি এবং সম্প্রসারণ আর বেশি শিশুকে প্রারম্ভিক শিক্ষা থেকে উপকৃত করবে যা তাদের স্কুলে এবং জীবনে প্রয়োজনীয় দক্ষতাগুলি গড়ে তুলতে সহায়তা করবে।"

**স্টেট সেনেটর শেলি বি. মায়ের বলেন,** "প্রাক-কিন্ডারগার্টেনের জন্য আজকে বরাদ্দ করা 12 মিলিয়ন মার্কিন ডলার তহবিল, অর্থবছর 2023 এর কার্যকর করা বাজেটে অন্তর্ভুক্ত সর্বমোট 125

মিলিয়ন মার্কিন ডলারে একটি রোমাঞ্চকর পদক্ষেপ। এটি একটি ঐতিহাসিক বিনিয়োগ যা সমগ্র নিউ ইয়র্ক স্টেটের শিশু এওং পরিবারবর্গের জীবনকে পরিবর্তিত করে দেবে। এটি শিক্ষার্থীদের জন্য দরজা খুলে দেবে এবং জীবনে উন্নতি করতে সংস্থানসমূহ দেবে। শিক্ষা কমিটির সভাপতি হিসেবে, সমগ্র স্টেটের শিশুদের জন্য সুযোগ সুনিশ্চিত ও উন্নত করতে নিউ ইয়র্ক স্টেট স্টেটের করা কাজের জন্য আমি গর্বিত এবং অ্যাক্সেস সম্প্রসারণ এবং বাস্তবায়ন উন্নত করতে আমি আমার সহকর্মীদের সাথে কাজ করা অব্যাহত রাখব।"

অতিরিক্ত প্রাক-কিন্ডারগার্টেন তহবিল এই আর্থিক বছরের পরের দিকে আরও একটি প্রতিযোগিতামূলক পুরস্কার প্রক্রিয়ার মাধ্যমে উপলভ্য করা হবে যা স্টেট শিক্ষা দপ্তর পরিচালনা করবে। যে সমস্ত স্কুল ডিস্ট্রিক্ট তাদের প্রাক-কিন্ডারগার্টেন প্রস্তাবনাগুলি শুরু বা সম্প্রসারণ করতে চাইছেন তাদের আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418